



‘মুজিববর্ষের আহ্বান
দক্ষ হয়ে বিদেশ যান’

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

রাজবাড়ী কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র
রাজবাড়ী।



নং-৪৯.০১.৮২৭৬.০০৬.২৫.০১২.২০২০.৫৪৬

তারিখঃ ১৫/১২/২০২১ইং

নিয়োগ বিজ্ঞপ্তি

অর্থ মন্ত্রণালয়ের, অর্থ বিভাগ কর্তৃক বাস্তবায়ণাধীন Skills For Employment Investment Program (SEIP) প্রকল্পের আওতায় জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর অধীন রাজবাড়ী কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, রাজবাড়ীতে পরিচালিত স্বল্প মেয়াদি (৩৬০ ঘণ্টা) কোর্স সমূহে দৈনিক হাজিরার ভিত্তিতে নিম্নলিখিত পদে সম্পূর্ণ অস্থায়ীভাবে অতিথি প্রশিক্ষক ও জব প্রেসমেন্ট অফিসার পদে নিয়োগের লক্ষ্যে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	যোগ্যতা	বেতন
১	অতিথি প্রশিক্ষক (ওয়েল্ডিং)	১ জন	সংশ্লিষ্ট বিষয়ে বি এস সি ইঞ্জিনিয়ারিং।	প্রকল্পের দিবস অনুযায়ী প্রতি কার্যদিবসে ১, ২০০.০০ (এক হাজার দুইশত) টাকা হারে। মাসিক কার্যদিবস ২৩ দিন। সর্বমোট ২৭, ৬০০.০০ (সাতাশ হাজার ছয়শত) টাকা মাত্র। ১০% উৎস কর কর্তন করা হবে।
২	অতিথি প্রশিক্ষক (সুইং মেশিন অপারেশন)	১ জন	অথবা ডিপ্লোমা ইন-ইঞ্জিনিয়ারিং এর ক্ষেত্রে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা সম্পন্ন।	
৩	অতিথি প্রশিক্ষক (গ্রাফিক্স ডিজাইন)	১ জন	অথবা শিল্প কারখানায় দক্ষ কারিগরি জ্ঞান সম্পন্নদের ক্ষেত্রে ১০(দশ) বছরের অভিজ্ঞতা।	
৪	অতিথি প্রশিক্ষক (ইলেকট্রিক্যাল ইনস্টলেশন এন্ড মেইনটেন্যান্স)	১ জন	NTVQF এর আওতায় NSC Level সনদধারীদের অগ্রাধিকার দেয়া হবে।	
৫	জব প্রেসমেন্ট অফিসার	১ জন	যে কোন বিষয়ের উপর মাস্টার্স পাশ সংশ্লিষ্ট কাজের ০৩(তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন। অথবা বিএসসি ইঞ্জিনিয়ারিং সহ সংশ্লিষ্ট কাজের ০৫(পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন।	

আবেদনের নিয়মাবলীঃ

- ১। অগ্রাহী প্রার্থীদের স্ব-হস্তে লিখিত দরখাস্ত জীবন বৃত্তান্তসহ, সদ্য তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি, সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত কপি, চারিত্রিক সনদপত্র, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপিসহ অধ্যক্ষ, রাজবাড়ী কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি) হমদমপুর, আলাদিপুর, রাজবাড়ী সদর, রাজবাড়ী এর বরাবর আগামী ০৮/০১/২০২২খ্রিঃ তারিখের মধ্যে ডাকযোগে/সরাসরি/ই-মেইল: rajbarittcjob@gmail.com মাধ্যমে প্রেরণ করতে হবে।
- ২। প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক হতে হবে।
- ৩। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার তারিখ, সময় ও স্থান মোবাইল এসএমএস/ই-মেইল/মোবাইল ফোন এর মাধ্যমে জানানো হবে।
- ৪। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ৫। অধিক অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিল যোগ্য।
- ৬। মুক্তিযোদ্ধার সন্তান ও নাতি-নাতনীদের ক্ষেত্রে সরকার কর্তৃক ঘোষিত নির্দেশনা অনুসরণ করা হবে।
- ৭। কোনো কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নিয়োগ আদেশ সংশোধন, স্থগিত এবং বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ৮। খামের উপর অবশ্যই পদের নাম, নিজ জেলা এবং মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
- ৯। কোন প্রকার তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

(ফাতেমা নারগিস)

অধ্যক্ষ

রাজবাড়ী কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র
রাজবাড়ী।